



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

## পরিপালন বিভাগ

ফোন: ০২-২২৩৩৮২৫২৪

E-Mail : dgmcompliance@krishibank.org.bd

নং প্রকা/পবি/বাঃব্যঃবিঃপঃ-০৬(২০২৩)/প্রকা/২০২৩-২০২৪/ ৪৬৪৫

তারিখ : ০১.০৪.২০২৪ খ্রি.

মহাব্যবস্থাপক

সকল মহাবিভাগ, প্রধান কার্যালয়/সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

উপমহাব্যবস্থাপক সকল কর্পোরেট শাখা

সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

### বিষয় : বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনদল কর্তৃক বিকেবি এর বিভিন্ন শাখা ও কার্যালয় পরিদর্শন প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার উপর ৩০.০৬.২০২৩ তারিখ ডিভিক পরিদর্শন পূর্বক ৩৭ তম বিশদ পরিদর্শন প্রতিবেদনে শাখা, আঞ্চলিক কার্যালয়, মুখ্য আঞ্চলিক কার্যালয়ে কোন তথ্য সরবরাহ করার নির্দেশনা দেয়া হলেও সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক তার প্রতি গুরুত্ব না দিয়ে সঠিক সময়ে সঠিক তথ্য সরবরাহ করা হয়নি মর্মে উল্লেখ করে অসন্তোষ প্রকাশ করেছেন।

০৩। বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে যে, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময় যে সকল সার্কুলার/পরিপত্র জারী করে নির্দেশনা প্রদান হয় সেগুলো মাঠ পর্যায়ে যথাযথভাবে বাস্তবায়ন বা পরিপালন করার ক্ষেত্রেও অনীহা প্রকাশ করা হয়।

০৪। ব্যাংকের কার্যক্রমে শৃংখলা বজায় রাখা ও বিভিন্ন দ্রুত বিচ্যুতি/জাল-জালিয়াতি সংক্রান্ত অনিয়ম সঠিকভাবে চিহ্নিতকরণ ও প্রতিরোধে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন কার্যকর ভূমিকা পালন করে থাকে। এতদসত্ত্বেও, পরিদর্শনকালে পরিদর্শন দলকে সঠিক তথ্য প্রদানে ব্যর্থতা ব্যাংকের ভাবমূর্তিকে দারুণভাবে ক্ষুণ্ণ করেছে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকের বিভিন্ন শাখা ও কার্যালয়ের উপর পরিদর্শনকালে পরিদর্শন দলকে সার্বিক সহযোগিতা করা সহ যাচাই-বাছাই করতঃ সঠিক ও যথাযথ তথ্য সরবরাহ করতে হবে। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃক শাখা/কার্যালয় পরিদর্শনকালে পরিদর্শন দল কর্তৃক যে সকল বিষয়াদি পর্যালোচনা করা হয়ে থাকে সেসকল বিষয়াদি সহ অন্যান্য বিষয়ে বিভিন্ন অনিয়ম দ্রুত নিষ্পত্তি করা এবং উত্থাপিত আপত্তি সমূহের যথাযথ জবাব (প্রমাণক সহ) সংশ্লিষ্ট কার্যালয়ে দ্রুত প্রেরণসহ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা সঠিকভাবে পরিপালন করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হলো। এতদ্বিষয়ে কোনো গাফিলতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(মোঃ নাজমুল হোসেন)

মহাব্যবস্থাপক

নং প্রকা/পবি/বাঃব্যঃবিঃপঃ-০৬(২০২৩)/প্রকা/২০২৩-২০২৪/ ৪৬৪৫ (৬)

তারিখ : ০১.০৪.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১/০২/০৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বর্ণিত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

০৪। নথি/মহানথি।

(মোঃ গাজিউর রহমান)

উপ-মহাব্যবস্থাপক